গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
ঢাকা।

স্মারক নং-পিডি/এম ডি-৪(২)/২০০১/১১৫৯(৬৮)

তারিখ ১৭ জুন/২০০১খ্রীঃ
০৩ আষাঢ়/১৪০৮

প্রেরক ঃ মুহম্মদ লিয়াকত আলী খান,
কারা মহা পরিদর্শক, বাংলাদেশ।

প্রাপক ঃ ১। সিনিয়র তত্ত্বাবধায়ক
সকল কেন্দ্রীয় কারাগার।

২। তত্ত্বাবধায়ক
সকল জেলা কারাগার।

বিষয় ঃ একই দ্রব্যের ভিন্ন দর গ্রহণ ও বিল পরিশোধ প্রসংগে।

কারাগারের উৎপাদন বিভাগের বিবিধ দ্রব্য, সাধারণ বিভাগের বিবিধ দ্রব্য এবং পি, সি, আর সামগ্রীর জন্য পৃথক পৃথক দরপত্র আহবান করা হয়ে থাকে। লক্ষ্য করা যাচ্ছে যে, একই ধরনের বিভিন্ন দ্রব্য যেমন, তারাগুনা, তার কাটা, বরাক বাঁশ, বিভিন্ন ধরনের কাঠ, কেরসিন, ময়দা, ইত্যাদি তিনটি দরপত্রেই অনুর্ভুক্ত করা হচ্ছে এবং ভিন্ন ভিন্ন দর গৃহিত হচ্ছে। একই স্টেশনে এবং একই আয়ন-ব্যয়ন কর্মকর্তার অধীনে একই দ্রব্যের বিল বৈষম্যমূলক দরে পরিশোধ করা আর্থিক অনিয়ম ও অডিট আপত্তি জনক।

অতএব, ভবিষ্যতে একই দ্রব্য একাধিক দরপত্রে অনুর্ভুক্ত করা যাবে না। যদি এ আদেশ উপেক্ষা করে একই দ্রব্য একাধিক দরপত্রে অনুর্ভুক্ত করা হয় এবং কোন এরূপ বৈষম্যমূলক দরে বিল পরিশোধ করা হয় তবে সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৭/৬/০১

(মুহম্মদ লিয়াকত আলী খান)
কারা মহা পরিদর্শক, বাংলাদেশ।
ফোন-৭৩ ০০ ৩৪ ৪ (দঃ)।

স্মারক নং-পিডি/এম ডি-৪(২)/২০০১/১১৫৯(৬৮)/১(৪)

তারিখ ১৭ জুন/২০০১
০৩ আষাঢ়/১৪০৮

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য কারা উপ মহা পরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর এর বরাবরে প্রেরণ করা হলো।

১৭/৬/০১

(মুহম্মদ লিয়াকত আলী খান)
কারা মহা পরিদর্শক, বাংলাদেশ।

কে, তালুকদার।
১৪/০৬/২০০১।

প্রেরক : কারা মহা পরিদর্শক,
বাংলাদেশ, ঢাকা ।

প্রাপক : তত্ত্বাবধায়ক,
সকল জেলা কারাগার ।

বিষয় : The public procurement Regulations /2003 মোতাবেক জেলা কারাগার সমূহে দরপত্র বাছাই কমিটিতে জেলারকে সদস্য সচিব হিসাবে অন্তর্ভূক্ত করন প্রসংগে ।

বরাত : অত্র অধিদপ্তরের স্মারক নং-পিডি/পিএন্ড এস-৪(২)/২০০৩/২২২৯(৬৯) তাং- ১/১১/২০০৩ ইং এবং স্মারক নং-পিডি/পি এন্ড এস-৪(২)/২০০৪/২৩৩(৮৫) তাং- ৮/২/২০০৪ ইং ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিকল্পনা মন্ত্রনালয়ের Central Procurement Technical Unit এর স্মারক নং-আই এম ইডি/সি পিটি ইউ /০২০১এ/২৯৩ তাং-১৫/৬/১৪১০ বাং/৩০/০৯/২০০৩ ইং এর মাধ্যমে জারীকৃত গেজেট বিজ্ঞপ্তিরRegulations 31(2) অনুযায়ী মূল্যায়ন কমিটিতে (দরপত্র বাছাই কমিটি) কমপক্ষে ৫ (পাঁচ) জন সদস্য থাকার শর্ত আরোপ করা হয়েছে ।

অতএব, এখন হতে জেলা কারাগারের জেলারকে দরপত্র মূল্যায়ন কমিটিতে (বাছাই কমিটি) সদস্য সচিব হিসাবে অন্তর্ভুক্ত করা হ'ল ।

এ আদেশ জরুরী ভিত্তিতে কার্যকর করার জন্য বলা হ'ল ।

(মোঃ আতাউর রহমান)
সহকারী কারা মহা পরিদর্শক(অর্থ)
পক্ষে- কারা মহা পরিদর্শক ।

স্মারক নং-পিডি/পি এন্ড এস-২১/২০০৪/২৪২(৬)/১(৪) তাং- ১০ ফেব্রুঃ/০৪

অনুলিপি কারা উপ-মহা পরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর, এর অবগতির জন্য প্রেরন করা হ'ল ।

(মোঃ আতাউর রহমান)
সহকারী কারা মহা পরিদর্শক(অর্থ)
পক্ষে- কারা মহা পরিদর্শক ।

রুহুল আমিন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর, ঢাকা ।

স্মারক নং পিডি/এমডি-৪(২)/২০০১/৬৮(৬৮)     তারিখ ঃ ১৬ জানুয়ারী ২০০১ / ০৩ মাঘ ১৪০৭

প্রেরক ঃ ব্রিগেডিয়ার জেনারেল মোঃ ওয়ালিউর রহমান চৌধুরী,
কারা মহা পরিদর্শক, বাংলাদেশ ।

প্রাপক ঃ ১। কারা উপ-মহা পরিদর্শক,
সকল বিভাগ, সকল সদর দপ্তর ।

২। সিনিয়র তত্ত্বাবধায়ক,
সকল কেন্দ্রীয় কারাগার ।

৩। তত্ত্বাবধায়ক,
সকল জেলা কারাগার ।

বিষয় ঃ কারা বিভাগের দরপত্র সিডিউলের মূল্য পুনঃ নির্ধারন প্রসংগে ।

সূত্র ঃ অত্র অধিদপ্তরের স্মারক নং পিডি/এমডি-৪(২)/৯৪/১৮৯৭(৭৬)
তারিখ ১৯-৯-১৯৯৪ ইং ।

কারা বিভাগের দরপত্র সিডিউলের মূল্য পুনঃ নির্ধারনের জন্য প্রস্তাব করা হইলে নিম্নরূপভাবে দরপত্র সিডিউলের মূল্য নির্ধারনের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্মতি জ্ঞাপন করেন ঃ

| | |
|---|---|
| ৫,০০০/- টাকা পর্যন্ত | বিনা মূল্যে |
| ৫,০০১/- হইতে ১০,০০০/- টাকা পর্যন্ত | ৫০/- টাকা |
| ১০,০০১/- টাকা হইতে ১,০০,০০০/-টাকা পর্যন্ত | ২৫০/- টাকা |
| ১,০০,০০১/-টাকা হইতে ২৫,০০,০০০/-" " | ৫০০/- " |
| ২৫,০০,০০১/-টাকা হইতে ৫০,০০,০০০/-" " | ৭৫০/- " |
| ৫০,০০,০০১/- টাকার উর্দ্ধে - | ১,০০০/- " |

এখন হইতে উপরোক্ত হারে দরপত্র সিডিউল বিক্রয়ের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হইল ।

সিডিউলের মূল্য নির্ধারন সম্পর্কিত ইতি পূর্বেকার জারীকৃত সিডিউলের মূল্যের হার বাতিল করা হইল ।

ইহার প্রাপ্তি স্বীকারের জন্য অনুরোধ করা যাইতেছে ।

১৬/০১/২০০১
মোঃ ওয়ালিউর রহমান চৌধুরী
ব্রিগেডিয়ার জেনারেল
কারা মহা পরিদর্শক ।

স্মারক নং পিডি/এমডি-৪(২)/২০০১/৬৮/(৬৮)/১(২)     তারিখ ঃ ১৬ জানুয়ারী ২০০১ / ০৩ মাঘ ১৪০৭

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হইল ঃ-

১। বাজেট শাখা, কারা অধিদপ্তর, ঢাকা ।
২। অডিট শাখা, কারা অধিদপ্তর, ঢাকা ।
৩। শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর ।

মোঃ ওয়ালিউর রহমান চৌধুরী
ব্রিগেডিয়ার জেনারেল,
কারা মহা পরিদর্শক ।

এ, হাই/
১৬-১-০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং পিডি/পিএন্ডএস-৪(২)/২০০২/১৪৬৫(৬৫)     তারিখ : ২৮ জুলাই/২০০২

প্রেরক : কারা মহা পরিদর্শক
বাংলাদেশ, ঢাকা।

প্রাপক : ১। সিনিয়র তত্ত্বাবধায়ক
সকল কেন্দ্রীয় কারাগার।

২। তত্ত্বাবধায়ক,
সকল জেলা কারাগার।

বিষয় : ভুয়া লাইসেন্স ও প্যাড প্রদর্শনের মাধ্যমে দরপত্র সিডিউল ক্রয় ও দরপত্রে অংশগ্রহন প্রসংগে।

সম্প্রতিকালে লক্ষ্য করা যাচ্ছে যে, কতিপয় ঠিকাদার নামধারী সন্ত্রাসী অপর তালিকাভুক্ত ঠিকাদারদের লাইসেন্সের ফটোকপি সংগ্রহ করে এবং কম্পিউটারে প্রস্তুতকৃত ভুয়া প্যাড দেখিয়ে বিভিন্ন কারাগার হতে দরপত্র সিডিউল ক্রয় করে থাকে। ফলশ্রুতিতে প্রকৃত ঠিকাদারদের ব্যবসায় ব্যাঘাত ঘটে।

বর্ণিত বিষয়ের প্রেক্ষিতে এবং প্রকৃত ঠিকাদারের দরপত্রে অংশগ্রহন নিশ্চিত কল্পে দরপত্র সিডিউল বিক্রয় সংক্রান্ত কারা অধিদপ্তরের স্মারক নং পিডি/এমডি-৪(২)/২০০১/৮২০(৬৪) তারিখ ২২-০৫-২০০১এর মাধ্যমে জারীকৃত আদেশ/নির্দেশ বাতিল করে নিম্নরূপ আদেশ জারী করা হ'ল :-

১। একজন প্রকৃত তালিকাভুক্ত ঠিকাদার স্বশরীরে উপস্থিত হয়ে মুল লাইসেন্স প্রদর্শন করে অথবা মুল প্যাডে নিয়োগকৃত উপযুক্ত প্রতিনিধির দ্বারা মুল লাইসেন্স সহি প্রদর্শনের মাধ্যমে কারাগার হতে দরপত্র সিডিউল ক্রয় করতে পারবেন।

২। দরপত্র সিডিউল ক্রয়কালে সংশ্লিষ্ট ঠিকাদার/মুল প্যাডে নিয়োগকৃত প্রতিনিধি কর্তৃক আনিত মুল লাইসেন্সটি হালনাগাদ নবায়ন করা আছে কিনা তা যথাযথভাবে পরীক্ষা-নিরীক্ষান্তে কারা কর্তৃপক্ষ সংশ্লিষ্ট ঠিকাদার/প্রতিনিধির নিকট দরপত্র সিডিউল বিক্রয় করবেন। মুল লাইসেন্সটি হালনাগাদ নবায়ন করা না থাকলে দরপত্র সিডিউল বিক্রয় করা যাবে না।

৩। একজন ঠিকাদার যে মুল প্যাডে প্রতিনিধি নিয়োগ করবেন সেই প্যাডে প্রদত্ত স্বাক্ষর সঠিক কিনা তা কারাগারের দপ্তরের রেকর্ডপত্রের স্বাক্ষরের সাথে কারা কর্তৃপক্ষ অবশ্যই মিলিয়ে ( Verify ) দেখবেন।

২৮/৭/০২

( মোঃ সামসুর রহমান )
অতিরিক্ত কারা মহা পরিদর্শক(চঃদাঃ)
পক্ষে-কারা মহা পরিদর্শক।

স্মারক নং পিডি/পিএন্ডএস-৪(২)/২০০২/১৪৬৫/১(৪) তারিখ : ২৮ জুলাই/২০০২

অনুলিপি কারা উপ-মহা পরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর এর অবগতির জন্য প্রেরন করা হ'ল।

২৮/৭/০২

( মোঃ সামসুর রহমান )

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং- পিডি/ পিএন্ডএস-২১/২০০২/৪৯৩ তারিখঃ- ২৭/৩/২০০২ / ১৩/১২/১৪০৮

"অফিস আদেশ"

কারাগারে ঠিকাদার কর্তৃক সরবরাহকৃত মালামাল গ্রহনের লক্ষ্যে নিম্নরূপ কমিটি গঠন করা হ'ল ঃ-

১। জেলার - আহবায়ক

২। স্টেশন জ্যেষ্ঠ ডেপুটি জেলার/কারা সহকারী-তথা-মুদ্রাক্ষরিক- সদস্য

৩। স্টেশন জ্যেষ্ঠ সর্ব প্রধান /প্রধান কারারক্ষী - সদস্য সচিব।

উপরোক্ত কমিটি নিম্নরূপ কার্য্য সম্পাদন করবেন ঃ-

(ক) কমিটি কর্তৃক বার্ষিক/মাসিক/দৈনন্দিন সকল প্রকার মালামাল পরীক্ষা/নিরীক্ষা, গুনগত মান যাচাই ও পরিমাপ/ওজন গ্রহন ইত্যাদি কাজ সম্পাদন ;

(খ) সন্তোষজনক ফলাফল প্রাপ্তির পরই সংশ্লিষ্ট সিনিয়র তত্ত্বাবধায়ক/তত্ত্বাবধায়কের অনুমোদনান্তে মালামাল গ্রহন ;

(গ) দৈনন্দিনের পচনশীল মালামালের গুনগতমানের বিষয় সংশ্লিষ্ট কারাগারের সহকারী সার্জনের মতামত গ্রহন ;

(ঘ) কমিটির প্রতি দিনের কার্য্যক্রম সংশ্লিষ্ট রেজিষ্টারে লিপিবদ্ধ করতঃ সকল সদস্যের স্বাক্ষর গ্রহন করতে হবে।

২। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত কমিটির কার্য্যক্রম বহাল থাকবে।

স্বাঃ/ মোঃ জিল্লুর রহমান
ব্রিগেডিয়ার জেনারেল
কারা মহা পরিদর্শক।

স্মারক নং- পিডি/পিএন্ডএস-২১/২০০২/৪৯৩/১ (৭২) তারিখঃ- ২৭/৩/২০০২ / ১৩/১২/১৪০৮

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হ'ল ঃ-

~~১। সিনিয়র তত্ত্বাবধায়ক/তত্ত্বাবধায়ক, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।~~

১। কারা উপ-মহা পরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর, ।

কারাগার পরিদর্শনকালীন সময়ে উপরোক্ত কমিটি কর্তৃক বিষয়টি যথাযথভাবে প্রতিপালিত হচ্ছে কিনা তা তদারকি/যাচাই করবেন।

২। ~~সিনিয়র তত্ত্বাবধায়ক/তত্ত্বাবধায়ক, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার,~~

৩। ভারপ্রাপ্ত সহকারী, অডিট শাখা/ইমারত/সংস্থাপন শাখা-১, কারা অধিদপ্তর, ঢাকা।

(মোঃ আব্দুল জাহির) ২৭/৩/০২
অতিরিক্ত কারা মহা পরিদর্শক (চঃদাঃ)
পক্ষে কারা মহা পরিদর্শক।

শৈলেশ/*
১৭/০৩/২০০২ ইং।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩, উমেশ দত্ত রোড
বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

পত্র সংখ্যা-৪৪.০৭.০০০০.০৩০.১৪.০০১.১৩-৮০৭(৭৫)

তারিখঃ ২১ আষাঢ় ১৪২০ বাং / ০৫ জুলাই ২০১৩ খ্রিঃ

বিষয় ঃ **খাদ্যদ্রব্য ও বিভিন্ন প্রকার ডালের দরপত্রের সিডিউল বিক্রয় এবং বিভিন্ন আনুষ্ঠানিকতা পালন প্রসংগে।**

বরাত ঃ কারা অধিদপ্তরের স্মারক নং-পিডি/পিএন্ডএস-৪(২)/২০১০/৭৯(৭০) তাং ২৭-১-২০১০ খ্রিঃ।

কারা অধিদপ্তরের স্মারক নং-পিডি/পিএন্ডএস-৪(২)/২০১০/৭৫০(৭০) তাং ২৮-৪-২০১০ খ্রিঃ এর মাধ্যমে জারীকৃত আদেশ বহালসহ এখন হতে সকল কেন্দ্রীয় ও জেলা কারাগারের খাদ্যদ্রব্য ও বিভিন্ন প্রকার ডালের দরপত্র সিডিউল ১ম বার ও ২য় বার স্ব স্ব কারাগার এবং সংশ্লিষ্ট বিভাগীয় দপ্তর হতে বিক্রয় করা হবে। অন্যান্য নির্দেশাবলী অপরিবর্তিত থাকবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোহাম্মদ ইফতিখারুল ইসলাম
কর্ণেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক।
ফোন ৭৩০০২২২(দপ্তর)।

কার্যার্থে বিতরণ ঃ

১। কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
১। সিনিয়র জেল সুপার, সকল কেন্দ্রীয় কারাগার।
৩। জেল সুপার, সকল জেলা কারাগার।

030.14.001

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩, উমেশ দত্ত রোড
বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

নং ৪৪.০৭.০০০০.০৩০.১৪.০০১.১২-৯২৯(৭২) তারিখঃ ১০-০৭-২০১২ খ্রিঃ

বিষয় ঃ **কারা ঠিকাদারের দরপত্র অংশ গ্রহণের ক্ষেত্রে অভিজ্ঞতার শর্ত শিথিলকরণ প্রসংগে**

সূত্র ঃ কাশিমপুর কেন্দ্রীয় কারাগারের স্মারক নং-৪৪.০৭.৩৩০০.০৭৯.০৪.০০৩.১২-১৫২৭ তারিখ ১১-০৬-২০১২ খ্রিঃ।

১। কারাগারের প্রয়োজনীয় মালামাল সরবরাহের যোগ্যতা যাচাই করেই প্রথম শ্রেণীর কারা ঠিকাদার হিসাবে তালিকাভুক্ত করা হয়। তাঁরা নিয়মিত রেজিষ্ট্রেশন ফি ও বাৎসরিক নবায়ন ফি জমা দিচ্ছেন। নব-নিয়োজিত ঠিকাদারকে কারাগারের দরপত্রে অংশ গ্রহণের সুযোগ দেয়া না হলে কখনই কারা বিভাগের অভিজ্ঞতা অর্জন করতে পারবে না। নবনিয়োগপ্রাপ্ত ঠিকাদারদের কারা বিভাগের দরপত্রে অংশ গ্রহণের সুযোগ দেয়া না হলে তারা লাইসেন্স নবায়ন করতে নিরুৎসাহিত হবেন। কারা বিভাগের উন্মুক্ত দরপত্রে কারা তালিকাভুক্ত ঠিকাদারের কারা বিভাগের অভিজ্ঞতার প্রয়োজন নেই, তবে সরকারী অন্য সংস্থার অভিজ্ঞতা অবশ্যই থাকতে হবে। সীমিত দরপত্রে শুধুমাত্র কারা তালিকাভুক্ত ঠিকাদারগণ অংশ গ্রহণ করবেন। সীমিত দরপত্রের ক্ষেত্রে কারা ঠিকাদারের অভিজ্ঞতার প্রয়োজন নেই। উন্মুক্ত দরপত্রে অংশ গ্রহণকারী ঠিকাদার/ব্যবসায়ীর (কারা বিভাগ/সরকারী সংস্থার) অভিজ্ঞতা থাকতে হবে।

২। অতএব, উন্মুক্ত দরপত্রের শর্তাবলীতে কারা তালিকাভুক্ত ঠিকাদারের ক্ষেত্রে শুধুমাত্র কারা বিভাগের অভিজ্ঞতার শর্তটি শিথিলযোগ্য আরোপ করার জন্য অনুরোধ করা হ'ল।

(ইকবাল কবির চৌধুরী)
সহকারী কারা মহাপরিদর্শক(অর্থ)
পক্ষে-কারা মহাপরিদর্শক।
ফোন-৭৩০০৫১৪(দপ্তর)

১। কারা উপ-মহাপরিদর্শক
সকল বিভাগ, সকল সদর দপ্তর।

২। সিনিয়র জেল সুপার
সকল কেন্দ্রীয় কারাগার।

৩। জেল সুপার
সকল জেলা কারাগার।

৪। গার্ড ফাইল।

030.14.001

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর, ঢাকা ।

স্মারক নং পিডি/এমডি-৪(২)/২০০০/২৭২৭ (৬৪) তারিখ ঃ ২৬ ডিসেম্বর ২০০০ / ১২ পৌষ ১৪০৭

প্রেরক ঃ ব্রিগেডিয়ার মোঃ ওয়ালিউর রহমান চৌধুরী
কারা মহা পরিদর্শক, বাংলাদেশ ।

প্রাপক ঃ ১। সিনিয়র তত্ত্বাবধায়ক,
সকল কেন্দ্রীয় কারাগার ।

২। তত্ত্বাবধায়ক,
সকল জেলা কারাগার ।

বিষয় ঃ পুনঃ দরপত্র আহবান সংত্রশনু ।

লক্ষ্য করা যাইতেছে যে, অধিকাংশ কারাগারে খাদ্য, ঔষধ, বিবিধ ও ডেডষ্টক দ্রব্যের দরপত্র সিডিউল বিক্রয় হয় না কিংবা এক বা দুইজন ঠিকাদার দরপত্র দাখিল করেন । এই ক্ষেত্রে কারা কর্তৃপক্ষ পুনঃ দরপত্র আহবানের জন্য অত্র অধিদপ্তরের অনুমোদন আহবান করে । অত্র অধিদপ্তরের অনুমোদনের জন্য পত্র প্রেরন হইতে অনুমতি প্রাপ্তি পর্যন্ত যথেষ্ট সময় অপচয় হয় । সুতরাং এখন হইতে ডাল ব্যতীত অপর সকল দ্রব্যের দরপত্রে কোন ঠিকাদার অংশ গ্রহন না করিলে কিংবা সিডিউল বিক্রয় না হইলে এবং ১টি বা ২টি দরপত্র পাওয়া গেলে পুনঃদরপত্র আহবানের জন্য অত্র অধিদপ্তরের অনুমোদনের প্রয়োজন নাই । এই ক্ষেত্রে কারা কর্তৃপক্ষ শুধু মিনিট আকারে অত্র অধিদপ্তরকে বিষয়টি অবহিত করিবে এবং বিধি মোতাবেক সরাসরি পুনঃ দরপত্র আহবান করিয়া অত্র অধিদপ্তরে পত্রের অনুলিপি প্রেরন পূর্বক অবহিত করিবে ।

এই আদেশ যথাযথভাবে অনুসরন / পরিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হইল ।

স্মারকটির প্রাপ্তি স্বীকারের জন্য অনুরোধ করা হইল ।

মোঃ ওয়ালিউর রহমান চৌধুরী
ব্রিগেডিয়ার
কারা মহা পরিদর্শক ।

এ, হাই/
২০-১২-০০